গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.edu.bd
online news portal: rcbarta.com, Fax: 0721-771511

স্মারক নং-৩৭.০২.৮১২২.১০১.২২.৬৮৮ তারিখ ১৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ / ০২ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

## ২০১৯ সালের (শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭) মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার (পুরাতন সিলেবাস, বিশেষ) ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসি ১ম পর্ব পরীক্ষার (পুরাতন সিলেবাস, বিশেষ) আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (অনিয়মিত, মানোন্নয়ন), ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্বে (প্রাইভেট) পরীক্ষার্থী হিসেবে যাদের নাম নিবন্ধিত তাদেরকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরীক্ষার আবেদন ফরম পূরণের কাজ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

১। আবেদন ফরম পূরণ ও জমাদানের সময়সূচি

| তারিখ | বিষয়ের নাম | সময় | ফরম পূরণের স্থান | |
|---|---|---|---|---|
| | | | অনিয়মিত ও মানোন্নয়ন | প্রাইভেট |
| ০৫/০৪/২০২২ থেকে ১৩/০৪/২০২২ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) | সকল বিষয় | সকাল-১০টা থেকে বেলা-০২টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ | - |
| ০৫/০৪/২০২২ থেকে ১৩/০৪/২০২২ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) | সকল বিষয় (প্রাইভেট) | ঐ | - | লাইব্রেরি পূর্ব বারান্দা |

বিভাগ সমূহ থেকে On-line-এ নিশ্চয়নের প্রিন্টকৃত বিবরণী মূল কপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী **সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট শিক্ষক মিলনায়তনে আগামী ১৮/০৪/২০২২ তারিখ বেলা ১২:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।**

২। **পরীক্ষার ফিস জমা: অনিয়মিত, অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদেরকে পে-স্লিপের মাধ্যমে রূপালী ব্যাংক কালেকশন বুথে এবং প্রাইভেট কোর্সের পরীক্ষার্থীদেরকে ক্যাশ শাখায় ফরম পূরণের যাবতীয় ফি জমা দিতে হবে)**

৩। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

ক) মাস্টার্স ১ম পর্ব রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।
খ) প্রবেশপত্রের ফটোকপি এবং অনলাইনের নম্বরপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে (অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য)।
গ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।
ঘ) পরীক্ষার পূরণকৃত আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

২। আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি :

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| ক. | তত্ত্বীয় ফি (প্রতি পত্র) | ২৫০/- |
| খ. | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | ২৫০/- |
| গ. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ২৫০/- |
| ঘ. | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থী) | ৩০০/- |
| ঙ. | কেন্দ্র ফি (তত্ত্বীয়) কলেজে জমা হবে | ৪৫০/- |
| চ. | কেন্দ্র ফি (ব্যবহারিক) কলেজে জমা হবে | ২০০/- |
| ছ. | টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ১৫০/- |
| জ. | বিশেষ অর্ন্তভুক্ত ফি (প্রতি পরীক্ষার্থী) | ৩০০/- |
| ঝ. | সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে | ১,০০০/- |

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)

| ক্রম | বিবরণ | | মোট ফি |
|---|---|---|---|
| ক. | এম.এ, এম.এস.এস, এম.বি.এস, সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-<br>প্রাইভেট পরীক্ষার্থীর ক্ষেত্রে | | ২,০০০/-<br>২,০০০/-(প্রাইভেট) |
| খ. | এম.এস.এস (অর্থনীতি) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-- | | ২,১৫০/- |
| গ. | এম.এস-সি সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-<br>এম.এসসি (গণিত) প্রতি পরীক্ষার্থী ফি-<br>এম.এসসি (পরিসংখ্যান) প্রতি পরীক্ষার্থী ফি- | | ২,২০০/-<br>২,৮০০/-<br>২,৭৫০/- |
| ঘ. | ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য/তৃতীয় শ্রেণী/৪৫% এর নিচে নম্বর পেয়েছে তারা বিশেষ পরীক্ষার্থী হিসেবে শেষবারের মত রেজিস্ট্রেশন নবায়ন সাপেক্ষে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে | | ২৫০/-<br>(প্রতিপত্র) |
| ঙ. | নম্বরপত্র ফি প্রতি পরীক্ষার্থী (প্রযোজ্য ক্ষেত্রে) | | ৩০০/- |
| চ. | ডাটা এন্ট্রি (প্রাইভেট পরীক্ষার্থীর ক্ষেত্রে) | | ১০০/- |
| ছ. | ব্যবস্থাপনা ফি | | ৫০/- |
| জ. | সমাজকর্ম বিষয়ে মাঠকর্ম ফি প্রতি পরীক্ষার্থী কলেজে জমা হবে (প্রযোজ্য ক্ষেত্রে) | | ১০০০/- |
| ঝ. | ল্যাবরেটরি চার্জ | ১ দিনের পরীক্ষার জন্য প্রতি পরীক্ষার্থী (কলেজে জমা হবে) | ১৩০/- |
| | | পরবর্তী প্রতি দিনের জন্য প্রতি পরীক্ষার্থী (কলেজে জমা হবে) | ৭৫/- হারে |

***বিঃদ্রঃ* ফরম পূরণের সময় টিউটোরিয়াল নম্বর অবশ্যই এন্ট্রি দিতে হবে। টিউটোরিয়াল নম্বর পাওয়া না গেলে পরীক্ষার্থীর প্রবেশপত্র জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ইস্যু করা হবে না।**

বিঃদ্রঃ (ক) পরীক্ষার্থী রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয়ের পত্র কোড ব্যতীত অন্য কোন পত্র কোড-এ পরীক্ষায় অংশগ্রহণে সুযোগ পাবে না।

(খ) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর টিউটোরিয়াল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়েল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর **মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সিলগালা করে মোঃ আব্দুছ সালাম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ পরীক্ষার্থীদের বিবরণীর সাথে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষন করতে হবে। মূল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।**

(গ) মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

**৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ**

**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে পরীক্ষার্থীদের জন্যঃ**

**ক) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালে পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল পরীক্ষার্থী সব পত্রে অংশগ্রহণ করবে।**

**খ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে বা ২০১৭ সালের এক বা দুই পত্র পরীক্ষা দিয়ে পুনরায় অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থী সব পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে। তবে ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষায় অবশ্যই পাস থাকতে হবে।**

**গ) ২০১৭ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী ২০১৯ সালের বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৭ সালের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ধরণের পরীক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় যে সকল পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু ঐ পত্রগুলোতে অংশগ্রহণ করতে পারবে। এখানে উল্লেখ্য যে, ২০১৮ সালের যে সকল পরীক্ষার্থী ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের পূর্বের প্রাপ্ত নম্বর বহাল থাকবে। তবে ৪০% এর কম নম্বর থাকলে ঐ সকল পরীক্ষার্থী ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

**গ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালে পরীক্ষায় অংশগ্রহণ করেনি এবং ২০১৮ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থী ইচ্ছে করলে বিশেষ পরীক্ষা (এক বা একাধিক পত্রে) দিতে পারবে। এ ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা বিশেষ অন্তর্ভুক্ত ফি এবং প্রতিপত্রের ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

**৪। পাঠ্যসূচি: (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে)**

**ক) ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্তৃক প্রণীত সিলেবাস অনুযায়ী ২০১৯ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি ১ম পর্ব পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

**৫। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারী নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/mp এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

**গ) বিশেষ পরীক্ষার্থীকে সতর্কতার সহিত নিজ দায়িত্বে পত্রকোড এন্ট্রি দিতে হবে।**

**৬। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (বিভাগের জন্য):**

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি Online-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)- এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.nubd.info/mp এ College log-in এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১(এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১(এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর **নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।**

গ) পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে উক্ত পরীক্ষার্থীর টিউটোরিয়াল (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অনলাইনে নিশ্চয়ন করবেন। শুধুমাত্র কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে Online এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) মাস্টার্স ১ম পর্ব বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে স্ব স্ব বিভাগকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) **টিউটোরিয়াল, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও ম্যাথ ল্যাব পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স ১ম পর্ব শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়েল নম্বরকে (বিভাগীয় প্রধান, অভ্যন্তঃ ও বহিঃ পরীক্ষক কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসাবে ধরা হবে।**

**বি:দ্র: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।**

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং-৩৭.০২.৮১২২.১০১.২২.৬৮৮(২১) তারিখ ১৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ / ০২ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো**

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
২। আইসিটি বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আহবায়ক, মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা কমিটি-২০১৯, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, কাজী নজরুল ইসলাম সড়ক শাখা, রাজশাহী কলেজ কালেকশন বুথ, রাজশাহী।
৫। পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৭। নথি সংরক্ষণ।

02/04/2022
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।
02/04/2022